

বিজ্ঞপ্তি

নং- চ০.১০৬.০১১.০০.০২.০০১.২০১৫, ২৩৭

তারিখ : ২৫/০৭/২০১৬ খ্রিঃ।

বিষয় : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ১ম শ্রেণির “সহকারী পরিচালক” এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমীর “মূল্যায়ন ও গবেষণা কর্মকর্তা” পদের লিখিত পরীক্ষা অনুষ্ঠান প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ১ম শ্রেণির “সহকারী পরিচালক” এবং নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমীর “মূল্যায়ন ও গবেষণা কর্মকর্তা” পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে :-

ক্রমিক নং	পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষা কেন্দ্রের নাম	পদের নাম
১)	১৯/০৮/২০১৬ খ্রিঃ শুক্রবার দুপুর ২.৩০ থেকে বিকাল ৫.৩০ পর্যন্ত	১) ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।	১) সহকারী পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর স্বরাষ্ট্র মন্ত্রণালয়। ২) মূল্যায়ন ও গবেষণা কর্মকর্তা মেরিন একাডেমী, চট্টগ্রাম নৌ-পরিবহন মন্ত্রণালয়।

২। মূল্যায়ন ও গবেষণা কর্মকর্তা পদের যোগ্য প্রার্থীদের নামে ইতোমধ্যে ডাকযোগে প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে। প্রাথমিকভাবে যোগ্য কোন প্রার্থী প্রবেশপত্র না পেয়ে থাকলে **আগামী ১৭/০৮/২০১৬ খ্রিঃ তারিখ (সকাল ১০.০০ টা থেকে বেলা ৩.০০ টা পর্যন্ত)**

২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আবেদনপূর্বক কমিশন সচিবালয়ের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের ইউনিট-৬ এ যোগাযোগ করে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করার জন্য আবেদন করতে হবে। প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

৩। সহকারী পরিচালক পদের প্রার্থীদের আবেদনপত্র জমার সময় হাতে হাতে প্রবেশপত্র প্রদান করা হয়েছে। প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

৪। যোগ্য এবং অযোগ্য প্রার্থীদের রেজিঃ নম্বরের তালিকা, আসন ব্যবস্থা এবং লিখিত পরীক্ষা সংক্রান্ত প্রমিত নির্দেশাবলী কমিশনের ওয়েব সাইটে (www.bpsc.gov.bd) পাওয়া যাবে। কেবলমাত্র যোগ্য প্রার্থীরাই প্রবেশপত্রসহ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

[চাকরীর ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন]

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)